রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নম্বর-২৮৮-আইন/২০২২।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'কমিশন'** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) **'তফসিল'** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(৩) **'নিয়োগকারী কর্তৃপক্ষ'** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে-কোনো কর্মচারী;

(৪) **'পদ'** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(৫) **'প্রয়োজনীয় যোগ্যতা'** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;


**মূল্য :** টাকা ২০.০০

(৬) **'শিক্ষানবিশ'** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(৭) **'সিজিপিএ'** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(৮) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়'** বা **'স্বীকৃত প্রতিষ্ঠান'** বা **'স্বীকৃত ইনস্টিটিউট'** বা **'স্বীকৃত বোর্ড'** অর্থ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিল সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারিবে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ণ চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে ও জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, চাকরি (বেতন ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদ এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে নবম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির শিক্ষানবিশকাল হইবে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসর:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির এইরূপ মেয়াদ বর্ধিত করিতে পারিবে, তবে বর্ধিত মেয়াদ ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক না হয়, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা না থাকে সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সম্পূর্ণ হইবার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেই সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **প্রেষণের মাধ্যমে বদলি।**—নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

৮। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) তফসিল-খ এ উল্লিখিত পদে বর্তমানে কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে এবং নূতন কোনো জনবল নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য হইলে এবং উহার ফিডার পদে কোনো কর্মচারী কর্মরত থাকিলে, ফিডার পদ এই উপ-বিধি অনুসারে শূন্য না হওয়া পর্যন্ত, স্বয়ংক্রিয়ভাবে পর্যায়ক্রমে বিলোপযোগ্য পদটি বহাল থাকিবে।

(৩) পদোন্নতির জন্য পদসংখ্যা, ফিডার পদ ও ফিডার পদে চাকরির কর্মকাল নিরূপণের ক্ষেত্রে তফসিল-ক ও তফসিল-খ এ বর্ণিত স্থায়ী সাংগঠনিক কাঠামো ও স্বয়ংক্রিয়ভাবে পর্যায়ক্রমে বিলোপযোগ্য পদ একত্রে বিবেচনা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার অধীন তফসিল-ক এ বর্ণিত স্থায়ী সাংগঠনিক কাঠামোর পদে এই বিধিমালা কার্যকর হইবার পর নূতন যোগদানকৃত কোনো কর্মচারী স্বয়ংক্রিয়ভাবে পর্যায়ক্রমে বিলোপযোগ্য কোনো পদে পদোন্নতি, বদলি বা পদায়ন বা অন্য কোনো বিষয়ের জন্য বিবেচিত হইবেন না।

(৪) নিয়োগকারী কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, প্রয়োজনে নিম্নবর্ণিত পদসমূহ পরস্পর বদলির মাধ্যমে পদায়ন করিতে পারিবে—

(ক) তফসিল-ক এর ক্রমিক নম্বর ১ এ উল্লিখিত পরিচালক (অর্থ) ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৩ এ উল্লিখিত পরিচালক (অর্থ) পদটি;

(খ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ২ এ উল্লিখিত উপ-পরিচালক (অর্থ/নিরীক্ষা) ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৬ এ উল্লিখিত উপ-পরিচালক (হিসাব)/ঊর্ধ্বতন হিসাব রক্ষণ অফিসার পদটি;

(গ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ৩ এ উল্লিখিত সহকারী পরিচালক (অর্থ/বাজেট/নিরীক্ষা/হিসাব) ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ১৩ এ উল্লিখিত সহকারী পরিচালক (হিসাব)/হিসাব রক্ষণ কর্মকর্তা পদটি;

(ঘ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ৪ এ উল্লিখিত ক্যাশিয়ার ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৩৯ এ উল্লিখিত উচ্চমান সহকারী পদটি;

(ঙ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ৫ এ উল্লিখিত পিএ-কাম-কম্পিউটার অপারেটর ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৪০ এ উল্লিখিত সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদটি;

(চ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ৬ এ উল্লিখিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৬০ এ উল্লিখিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদটি;

(ছ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ৭ এ উল্লিখিত গাড়িচালক ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৫৮ এ উল্লিখিত মোটর ড্রাইভার পদটি; এবং

(জ) তফসিল-ক এর ক্রমিক নম্বর ৮ এ উল্লিখিত অফিস সহায়ক ও তফসিল-খ এর ক্রমিক নম্বর ৯০ এ উল্লিখিত অফিস সহায়ক পদটি।

৯। **হেফাজত।**―(১) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় Recruitment Rules (Officers and Employees) of the Bangladesh Telegraph and Telephone Board, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপ বিলুপ্ত হওয়া সত্ত্বেও, প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত Rules এর অধীন―

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত আদেশ, নিয়োগ, চাকরি স্থায়ীকরণ বা পদোন্নতি এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-ক**

**[বিধি ২(২), ৩, ৭ ও ৮ দ্রষ্টব্য]**

**স্থায়ী সাংগঠনিক কাঠামোর রাজস্ব খাতের পদ**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | পরিচালক (অর্থ) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-পরিচালক (অর্থ/নিরীক্ষা) বা তফসিল-খ এ উল্লিখিত উপ-পরিচালক (হিসাব)/উর্ধ্বতন হিসাব রক্ষণ অফিসার বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:** সমপদমর্যাদার সরকারি কর্মচারী। |
| ২। | উপ-পরিচালক (অর্থ/নিরীক্ষা) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক (অর্থ/বাজেট/নিরীক্ষা/ হিসাব) বা তফসিল-খ এ উল্লিখিত সহকারী পরিচালক (হিসাব)/হিসাব রক্ষণ কর্মকর্তা বা উভয় পদে সাকূল্যে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৩। | সহকারী পরিচালক (অর্থ/বাজেট/ নিরীক্ষা/হিসাব) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, গণিত বা বাণিজ্য বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৪। | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা তফসিল-খ এ উল্লিখিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | পিএ-কাম-কম্পিউটার-অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বা তফসিল-খ এ উল্লিখিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাইক্রোসফট্ অফিস বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে-<br>(অ) বাংলায় ২৫ (পঁচিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ৩০ (ত্রিশ) শব্দ। |
| ৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭। | গাড়িচালক | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

**তফসিল-খ**
**[বিধি ২(২), ৩ ও ৮ দ্রষ্টব্য]**
**স্বয়ংক্রিয়ভাবে পর্যায়ক্রমে বিলোপযোগ্য রাজস্ব খাতের স্থায়ী পদ**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সদস্য অর্থ | - | পদোন্নতির মাধ্যমে | পরিচালক (অর্থ) বা তফসিল-ক এ উল্লিখিত পরিচালক (অর্থ) বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৩ (তিন) বৎসরসহ ২০ (বিশ) বৎসরের চাকরি। |
| ২। | পরিচালক জনসংযোগ | - | পদোন্নতির মাধ্যমে | উপ-পরিচালক (প্রশাসন) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩। | পরিচালক (অর্থ) | - | পদোন্নতির মাধ্যমে | উপ-পরিচালক (হিসাব)/উর্ধ্বতন হিসাব রক্ষণ অফিসার বা তফসিল-ক এ উল্লিখিত উপ-পরিচালক (অর্থ/নিরীক্ষা) বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪। | সিনিয়র মেডিকেল অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | মেডিকেল অফিসার পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৫। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬। | উপ-পরিচালক (হিসাব)/উর্ধ্বতন হিসাব রক্ষণ অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক (হিসাব)/হিসাব রক্ষণ কর্মকর্তা বা তফসিল-ক এ উল্লিখিত সহকারী পরিচালক (অর্থ/বাজেট/নিরীক্ষা/ হিসাব) বা উভয় পদে সাকূল্যে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৭। | উপ-পরিচালক (প্রশাসন) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক জনসংযোগ পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৮। | উপ-পরিচালক (টেলিগ্রাফ) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সুপার টেলিগ্রাফ পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৯। | চিফ সুপার টেলিগ্রাফ | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী সুপার টেলিগ্রাফ পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ১০। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১১। | মেডিকেল অফিসার | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ১২। | সহকারী পরিচালক জনসংযোগ | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | সহকারী পরিচালক (হিসাব)/হিসাব রক্ষণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | উর্ধ্বতন হিসাব রক্ষক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৪। | সহকারী সুপার টেলিগ্রাফ | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিনিয়র টেলিগ্রাফ মাস্টার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার ওয়্যারলেস টেলিগ্রাফ (ইএসডব্লিউটি) পদে ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(গ) টেলিগ্রাফ মাস্টার পদে ৮ (আট) বৎসরের চাকরি; এবং<br>(ঘ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৬। | প্রশাসনিক কর্মকর্তা | - | ৭৫% পদ সুপারিন্টেনডেন্ট/ হোস্টেল সুপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>২৫% পদ স্টেনোগ্রাফার পদ হইতে পদোন্নতির মাধ্যমে | (ক) সুপারিন্টেনডেন্ট/হোস্টেল সুপার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) স্টেনোগ্রাফার পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৭। | কল্যাণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | সুপারিন্টেনডেন্ট/হোস্টেল সুপার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৮। | চিফ টেলিফোন রেভিনিউ ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | টেলিফোন রেভিনিউ ইন্সপেক্টর পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ১৯। | সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার (ডিপ্লোমা) | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ২০। | সিনিয়র টেলিগ্রাফ মাস্টার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) টেলিগ্রাফ মাস্টার পদে ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) টেলিপ্রিন্টার অপারেটর (টিপিও) বা টেলেক্স অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(গ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২১। | উর্ধ্বতন হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | কনিষ্ঠ হিসাব রক্ষক পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২২। | সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার (এসএই) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) মনিটর বা টেলিকম টেকনিশিয়ান (টিসিটি) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) টেলিপ্রিন্টার সহকারী বা টেস্টিং টেলিগ্রাফিস্ট পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(গ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | বিল্ডিং ওভারশিয়ার | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ২৪। | ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার ওয়্যারলেস টেলিগ্রাফ (ইএসডব্লিউটি) | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ২৫। | এস্টিমেটর | - | পদোন্নতির মাধ্যমে | হেড ড্রাফটস্ম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ২৬। | কনিষ্ঠ হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা তফসিল-ক এ উল্লিখিত ক্যাশিয়ার বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ২৭। | টেলিগ্রাফ মাস্টার | পদটি পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ২৮। | সুপারিন্টেনডেন্ট/ হোস্টেল সুপার | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৯। | সিকিউরিটি সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে | সিকিউরিটি সহকারী পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৩০। | তথ্য সহকারী | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৩১। | স্টেনোগ্রাফার | - | পদোন্নতির মাধ্যমে | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা তফসিল-ক এ উল্লিখিত পিএ-কাম-কম্পিউটার-অপারেটর বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩২। | শিপিং ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা তফসিল-ক এ উল্লিখিত পিএ-কাম-কম্পিউটার-অপারেটর বা উভয় পদে সাকূল্যে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩৩। | মনিটর | - | পদোন্নতির মাধ্যমে | টেলিফোন অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩৪। | চার্জম্যান | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৩৫। | টেলিকম টেকনিশিয়ান (টিসিটি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) টেলিফোন ইন্সপেক্টর পদে ৩ (তিন) বৎসর চাকরি; অথবা<br>(খ) টেলিফোন অপারেটর, ক্যাবল জয়েন্টার, আইটিএক্স অপারেটর, ওয়্যারলেস অপারেটর, টেলেক্স অপারেটর, টেলিকম ম্যাকানিক (টিসিএম) বা লাইন ইন্সপেক্টর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(গ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | (ক) উচ্চমান সহকারী বা তফসিল-ক এ উল্লিখিত ক্যাশিয়ার বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) টেলিফোন রেভিনিউ ইন্সপেক্টর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩৭। | কম্পিউটার অপারেটর | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৩৮। | হেড ড্রাফটস্‌ম্যান | - | পদোন্নতির মাধ্যমে | ড্রাফটস্‌ম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৯। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা উভয় পদে সাকূল্যে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪০। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৪১। | টেলিপ্রিন্টার সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | টেলিপ্রিন্টার অপারেটর (টিপিও) পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪২। | টেস্টিং টেলিগ্রাফিস্ট | - | পদোন্নতির মাধ্যমে | টেলেক্স অপারেটর পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪৩। | লাইব্রেরিয়ান | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৪৪। | টেলিফোন ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | ক্যাবল জয়েন্টার পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪৫। | টেলিফোন রেভিনিউ ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪৬। | মোটর ভেহিকেল ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | মোটর ড্রাইভার বা তফসিল-ক এ উল্লিখিত গাড়ি চালক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪৭। | টেলিফোন অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | (ক) লাইনম্যান বা ওয়্যারম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৮। | ক্যাবল জয়েন্টার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সাব ইন্সপেক্টর (এসআই) বা ইঞ্জিন ড্রাইভার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) লাইনম্যান বা ওয়্যারম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(গ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯। | টেলিপ্রিন্টার অপারেটর (টিপিও) | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫০। | আইটিএক্স অপারেটর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫১। | ওয়্যারলেস অপারেটর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫২। | টেলেক্স অপারেটর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫৩। | ড্রাফটস্ম্যান | - | পদোন্নতির মাধ্যমে | ট্রেসার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫৪। | টেলিকম ম্যাকানিক (টিসিএম) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সাব ইন্সপেক্টর (এসআই) বা ইঞ্জিন ড্রাইভার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) লাইনম্যান বা ওয়্যারম্যন পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(গ) লেদ মেশিন অপারেটর পদে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(ঘ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৫। | লাইন ইন্সপেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | সাব ইন্সপেক্টর (এসআই) পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৬। | সিকিউরিটি সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | কনজারভেন্সি ইন্সপেক্টর, কেয়ারটেকার বা প্রধান নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৭। | ফার্মাসিস্ট/কম্পাউন্ডার | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫৮। | মোটর ড্রাইভার | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৫৯। | মেকানিক | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৬০। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৬১। | লাইব্রেরি সহকারী | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৬২। | কনজারভেন্সি ইন্সপেক্টর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৬৩। | সাব ইন্সপেক্টর (এসআই) | - | পদোন্নতির মাধ্যমে | লাইনম্যান বা ওয়্যারম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৬৪। | কেয়ারটেকার | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৬৫। | ইঞ্জিন ড্রাইভার | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৬৬। | প্রধান নিরাপত্তা প্রহরী | - | পদোন্নতির মাধ্যমে | নিরাপত্তা প্রহরী পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৭। | লাইনম্যান | - | পদোন্নতির মাধ্যমে | (ক) আউটডোর সরকার বা মাস্ট লস্কর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) হেড কুলি, হেড টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার বা হেড টেলিগ্রাফ ম্যাসেঞ্জার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(গ) অফিস সহায়ক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহায়ক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(ঘ) ব্যাটারিম্যান, নিরাপত্তা প্রহরী, লাইন লেবার বা পরিচ্ছন্নতা কর্মী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(ঙ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৮। | ওয়্যারম্যান | - | পদোন্নতির মাধ্যমে | (ক) আউটডোর সরকার বা মাস্ট লস্কর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) হেড কুলি, হেড টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার বা হেড টেলিগ্রাফ ম্যাসেঞ্জার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর; অথবা<br>(গ) অফিস সহায়ক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহায়ক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(ঘ) ব্যাটারিম্যান, নিরাপত্তা প্রহরী, লাইন লেবার বা পরিচ্ছন্নতা কর্মী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(ঙ) প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৯। | ইলেকট্রিশিয়ান | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭০। | ট্রেসার | - | পদোন্নতির মাধ্যমে | ব্লু-প্রিন্টার অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৭১। | আউটডোর সরকার | - | পদোন্নতির মাধ্যমে | পুট আউট ম্যান, প্যাকার বা হেড কুলি পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৭২। | ডেসপাস রাইডার | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭৩। | ফটোকপি অপারেটর (ডিএমও) | - | পদোন্নতির মাধ্যমে | দপ্তরী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৭৪। | লেদ মেশিন অপারেটর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭৫। | বাবুর্চি | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭৬। | মাস্ট লস্কর | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭৭। | ফিটার | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭৮। | প্লাম্বার | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৭৯। | কার্পেন্টার | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৮০। | পুট আউট ম্যান | - | পদোন্নতির মাধ্যমে | টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার/টেলিগ্রাফ ম্যাসেঞ্জার পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮১। | প্যাকার | - | পদোন্নতির মাধ্যমে | টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার/টেলিগ্রাফ ম্যাসেঞ্জার পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮২। | ব্লু-প্রিন্টার অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহায়ক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহায়ক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) নিরাপত্তা প্রহরী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮৩। | হেড কুলি | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহায়ক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহায়ক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) নিরাপত্তা প্রহরী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮৪। | পাম্প চালক | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৮৫। | হেড টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার | - | পদোন্নতির মাধ্যমে | টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার/টেলিগ্রাফ ম্যাসেঞ্জার পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮৬। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক বা তফসিল-ক এ উল্লিখিত অফিস সহায়ক বা উভয় পদে সাকূল্যে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮৭। | হেড টেলিগ্রাফ ম্যাসেঞ্জার | - | পদোন্নতির মাধ্যমে | টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার/টেলিগ্রাফ ম্যাসেঞ্জার পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮৮। | প্রধান পরিচ্ছন্নতা কর্মী | - | পদোন্নতির মাধ্যমে | পরিচ্ছন্নতা কর্মী পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮৯। | ব্যাটারিম্যান | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯০। | অফিস সহায়ক | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯১। | টাস্ক ওয়ার্ক ম্যাসেঞ্জার/ টেলিগ্রাফ ম্যাসেঞ্জার | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯২। | বার্তা বাহক | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯৩। | নিরাপত্তা প্রহরী | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯৪। | লাইন লেবার | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯৫। | লেডি এটেনডেন্ট | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯৬। | পরিচ্ছন্নতা কর্মী (ক্লিনার/সুইপার) | কর্মরত কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |
| ৯৭। | মালি | কর্মরত কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.